

সেতু

বুকের ওপর দিয়ে চলে গেছে সেতু  
শুধু ভার বয়ে কেটে গেল বেলা  
জুড়তে পারেনি কোন বিচ্ছিন্ন হৃদয়  
কত সহজেই কাছে আসা যেত  
তবু কেউ এগিয়ে আসেনি।

যান্ত্রিক শব্দে কিছু গাড়ি করে পারাপার  
ভাষায় যে কাছে ডাকতে পারতো  
সে থাকে নীরব  
টা এখনও আছে  
শুধু পার হবার সাহস হারিয়ে ফেলেছি।

চন্দ্রা মজুমদার